MAY 31 2001

দৈনিক ইত্তেফাক

# ঢাবি কলা অনুষদ ডিন পুরস্কার পাইলেন ৩ শিক্ষক ২ শিক্ষার্থী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩ জন শিক্ষক এবং ২ জন শিক্ষার্থীকে গত শনিবার কলা অনুষদ ডিন পুরস্কার প্রদান করা হইয়াছে। উচ্চতর গবেষণা প্রবন্ধ প্রকাশের জন্য পুরস্কার পাইয়াছেন দর্শন বিভাগের অধ্যাপক মোঃ সাজাহান মিয়া, ইসলামের ইতিহাস বিভাগের অধ্যাপক পারভীন হাসান ও সাংবাদিকতা বিভাগের সহকারী অধ্যাপক গীতি আরা নাসরীন। পুরস্কারপ্রাপ্ত দুই শিক্ষার্থী হইতেছেন ইংরেজী বিভাগের মোহাম্মদ শহীদুল ইসলাম এবং ভাষাতত্ত্ব বিভাগের নায়রা খান। উচ্চতর মানববিদ্যা গবেষণা কেন্দ্রে অনুষ্ঠানে ভিসি অধ্যাপক এ, কে, আজাদ চৌধুরী ডিন পুরস্কার বিতরণ করেন। কলা অনুষদের ডীন কাজী শহীদুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইংরেজী বিভাগের অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, জীব বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক এ জেড এম নওশের আলী খান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক আসাদুজ্জামান প্রমুখ।